



আদ-দ্বীন ওয়েলফেয়ার সেন্টার
টাচড়া চেকপোস্ট, পুলেরহাট, যশোর।

নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামী শরীয়াহ মোতাবেক চলার প্রচেষ্টায় পরিচালিত মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক সনদপ্রাপ্ত সংস্থা আদ-দ্বীন ওয়েলফেয়ার সেন্টার পল্টী কর্ম-সহায়ক ফাউন্ডেশন-এর আর্থিক সহযোগিতায় দেশের বিভিন্ন অঞ্চলে কমিউনিটি হেল্থ এন্ড মাইক্রোফাইন্যান্স কর্মসূচি পরিচালনা করে আসছে। উক্ত কর্মসূচিতে নিম্নোক্তপদসমূহে উদ্যোগী ও পরিশ্রমী লোক নিয়োগ করা হবে। (খুলনা ও রংপুর বিভাগের সকল জেলা এবং ফরিদপুর, রাজবাড়ী ও গোপালগঞ্জ জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।)

১। পদের নাম : টেকনিক্যাল অফিসার (লাইভলিহুড)।

পদের সংখ্যা : ০১ জন।

বেতন : মাসিক ৩৮,০০০/- টাকা এবং যাতায়াত ও মোবাইল ভাতা ৩,০০০/ টাকা প্রদান করা হবে।

শিক্ষাগত যোগ্যতা : কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে কৃষি / পশুপালন / ভেটেরিনারি / মৎস্য বিজ্ঞান বিষয়ে ন্যূনতম বিএসসি ডিগ্রিধারী। উক্ত বিষয়সমূহে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

অভিজ্ঞতা : মাঠ পর্যায়ে লাইভলিহুড কার্যক্রম (কৃষি বিষয়ক আয়বর্ধনমূলক) বাস্তবায়নে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ-এর প্রকল্পে অতীতে কাজ করেছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

২। পদের নাম : সহকারী শাখা ব্যবস্থাপক।

পদের সংখ্যা : ৪০ জন।

বেতন : শিক্ষানবিশ কালে মাসিক ১৬,৫০০/- টাকা।

শিক্ষাগত যোগ্যতা : স্নাতকোত্তর (এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় কমপক্ষে ১ম বিভাগ/জিপিএ-৪ সহ অন্যান্য পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ-২.৫ থাকতে হবে)।

৩। পদের নাম : সুপারভাইজার।

পদের সংখ্যা : ৪০ জন।

বেতন : শিক্ষানবিশ কালে মাসিক ১৫,৫০০/- টাকা।

শিক্ষাগত যোগ্যতা : স্নাতকোত্তর (এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ-৩.৫০ সহ অন্যান্য পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ-২.৫ থাকতে হবে)।

অন্যান্য যোগ্যতা : উভয় পদের জন্য উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৪ ইঞ্চি, সুন্দর হাতের লেখা, সুস্বাস্থ্যের অধিকারী ও কঠোর পরিশ্রমী হতে হবে। নির্বাচিতদের প্রত্যন্ত অঞ্চলে মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা এবং নিজ নিজ ধর্মীয় অনুশাসন মেনে চলার আগ্রহ থাকতে হবে।

অন্যান্য সুযোগ-সুবিধা : ২ ও ৩ পদের ক্ষেত্রে শিক্ষানবিশকাল কমপক্ষে ৬ মাস থেকে ১ বছর। শিক্ষানবিশকাল শেষে সংস্থার নির্ধারিত বেতন কাঠামো অনুযায়ী মাসিক বেতনসহ প্রভিভেন্ট ফান্ড, গ্রাচুয়িটি ও উৎসব বোনাস প্রদান করা হবে। প্রাথমিক পর্যায়ে শাখা ব্যবস্থাপকের সহযোগী হিসেবে কাজ করতে হবে এবং পরবর্তীতে যোগ্যতার ভিত্তিতে ২ ও ৩ পদে শাখা ব্যবস্থাপক হিসেবে পদোন্নতি দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩২ বছর।

পরীক্ষার তারিখ, সময় ও স্থান : মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।

অগ্রহী প্রার্থীদের ২ কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ নির্বাহী পরিচালক বরারব স্বহস্তে লিখিত আবেদনপত্র (মোবাইল নং সহ) আগামী ১৮ মে ২০২১ ইং তারিখের মধ্যে উপরোক্ত ঠিকানায় পৌছাতে হবে। উল্লেখ্য, উক্ত পদে ইতোপূর্বে যারা আবেদন করেছেন এবং যারা অধ্যয়নরত আছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

- নির্বাহী পরিচালক